দৈনিক জনকণ্ঠ

তারিখ OCT. 19 1999
পৃষ্ঠা ৩ কলাম ৫

255

# শিক্ষক প্রশিক্ষণ দানের আগে পাঠ্যসূচী না পাল্টানোর আহ্বান

রবিবার দেশের সরকারী বেসরকারী স্কুল ও কলেজ শিক্ষকদের প্রতিনিধিত্বকারী ৪টি সংগঠনের ঐক্যবদ্ধ মোর্চা বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশনের সেক্রেটারি জেনারেল অধ্যক্ষ কাজী ফারুক আহমেদ স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে পাঠ্যসূচীর কোনরূপ পরিবর্তনের পূর্বে সংশ্লিষ্ট বিষয়ের শিক্ষকদের প্রশিক্ষণ প্রদান নিশ্চিত করার জন্য এবং বিশেষ করে শ্রেণী শিক্ষকদের উক্ত প্রশিক্ষণ কর্মসূচীতে অন্তর্ভুক্ত করার জন্য বোর্ড ও বিশ্ববিদ্যালয়সমূহের প্রতি আহ্বান জানানো হয়েছে। শিক্ষার মান উন্নয়ন নিশ্চিতকরণে এ পদক্ষেপকে অপরিহার্য বলে ফেডারেশন অভিমত ব্যক্ত করেছে। ১০ অক্টোবর শেখ আমানুল্লাহ্‌র সভাপতিত্বে ফেডারেশনের জাতীয় নির্বাহী কমিটির সভায় শিক্ষক প্রশিক্ষণ ছাড়াও গৃহীত এক সিদ্ধান্তে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সদিচ্ছার আলোকে এবং গত ৪ ও ৫ অক্টোবর শিক্ষামন্ত্রী এএসএইচকে সাদেকের সাথে ফলপ্রসূ আলোচনা ও ইতিবাচক সরকারী ঘোষণার প্রেক্ষিতে ১০ অক্টোবরের নির্ধারিত জাতীয় শিক্ষক মহাসমাবেশ স্থগিতের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। – বিজ্ঞপ্তি।